


শর্তাবলীঃ

- ০১। জনপ্রশাসন মন্ত্রণালয় (www.mopa.gov.bd) কর্তৃক প্রণীত ফরমে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে আবেদন করতে হবে।
- ০২। আবেদনপত্র আগামী ১৯/০৪/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্প, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ১/আই, পরিবাগ, শাহবাগ, ঢাকা- এর বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা সরাসরি পৌঁছাতে হবে।।
- ০৩। আবেদনপত্রের সাথে “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়” শীর্ষক প্রকল্পের অনকুলে ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- ০৪। অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এতদভিন্ন আবেদনে বর্ণিত তথ্যের স্বপক্ষে সকল প্রকার মূল সনদপত্র (অভিজ্ঞতার মূল সনদসহ) মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ০৫। আবেদন ফরমে বর্ণিত পরিমাপের সদ্য তোলা ০২(দুই) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। নির্ধারিত ফরম ব্যতিত অথবা ক্রটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৭। হিন্দু ধর্মাবলম্বী প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৮। সরকারী অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৯। উপযুক্ত প্রার্থীদের লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় চিঠির মাধ্যমে জানানো হবে। আবেদনকারীর বর্তমান পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ০৬(ছয়) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ ৪.৫×৯.৫ সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ১০। উল্লিখিত পদের বয়সসীমা ০১/০৪/২০১৮ ইং হতে গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১১। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ, বাছাই ও বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১২। প্রার্থীর বয়স ০১/০৪/২০১৮ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র/কন্যার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১৩। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসেবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারী সাকুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তক স্বাক্ষরিত ও প্রতি স্বাক্ষরিত কর্তৃক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ১৪। কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারী বিধিবিধান/নীতিমালা অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ১৫। প্রার্থীদেরকে দরখাস্তের খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১৬। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(রঞ্জিত কুমার দাস)

প্রকল্প পরিচালক

মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়

(০২x৩)